

চট্টগ্রাম পলিটেকনিক
ইনস্টিটিউট
ছাত্রলীগের দুই
পক্ষে সংঘর্ষ
গাড়ি ভাঙচুর

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম

চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে গতকাল মঙ্গলবার ছাত্রলীগের দুই পক্ষে সংঘর্ষ হয়েছে। এ সময় ছাত্রলীগের নেতা-কর্মীরা সড়কে নেমে কয়েকটি গাড়ি ভাঙচুর ও সড়ক অবরোধ করেন। নবীনবরণ নিয়ে ক্যাম্পাসে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষে সংঘর্ষ হয় বলে জানা গেছে। এ ঘটনায় পুলিশ আবু মায়ের ও মো. তারেক নামের দুজনকে আটক করেছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, কলেজে নবীনবরণ অনুষ্ঠান নিয়ে গত সোমবার রাত্রে ছাত্রলীগের মো. আবদুল্লাহ আল রুবেল ও হেলালের পক্ষের মধ্যে রাস্তায় বাণবিতণ্ডা হয়। এ সময় এক কক্ষকে মারধর করা হয়। ওই ঘটনাকে কেন্দ্র করে গতকাল বিকেলের দিকে আবার দুই পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। একপর্যায়ে হেলালের সমর্থকেরা রুবেলকে ধুপিয়ে আহত করেন। এর পরই দুই পক্ষে সংঘর্ষ শুরু হয়।

সংঘর্ষের একপর্যায়ে দুই পক্ষের নেতা-কর্মীরা স্মার্টফোন, কিরিত, রডসহ ধারাদো অস্ত্র নিয়ে বায়েজিদ বোস্তামীর মূণ সড়কে অবস্থান নেন। এ সময় দুই পক্ষের নেতা-কর্মীদের মধ্যে পাশাপাশি ধাওয়া হয়। এক পক্ষ অন্য পক্ষের নেতা-কর্মীদের লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে। তাঁরা রাস্তায় টায়ার ও বাগ এনে আশ্রয় ধরিয়ে দেন। এ সময় দুই পক্ষের কর্মীরা কয়েকটি যানবাহন ভাঙচুর করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, সংঘর্ষ থামার পর ছাত্রলীগের একটি পক্ষ বায়েজিদ বোস্তামীর প্রধান সড়কে অবস্থান নিয়ে রুবেলের ওপর হামলার প্রতিবাদে স্লোগান দিতে থাকেন। পুলিশ এসে হামলাকারীদের গ্রেপ্তারের আশ্বাস দিয়ে তাঁদের সরানোর চেষ্টা করে। কিন্তু তাঁরা সড়ক ছাড়তে অস্বীকৃতি জানান।

বায়েজিদ খানের উপপরিদর্শক অর্পণ কড়িয়া বলেন, ছাত্রলীগের নেতা রুবেলের ওপর হামলার ঘটনার জেরে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। পরে রুবেলের সমর্থকেরা সড়ক অবরোধ করেন। এ ঘটনায় দুজনকে আটক করা হয়েছে।